

পরিচালনা বোর্ডের সদস্যগণ

ক্র.নং:	নাম	পদবি	শিক্ষাগত যোগ্যতা	যোগাযোগ
০১	মো: নিজাম উদ্দীন	প্রতিষ্ঠাতা ও পরিচালক	এমকম	
০২	মো: মজিবুল ইসলাম	প্রতিষ্ঠাতা ও পরিচালক	এমএসসি	
০৩	মাহমুদা খাতুন	প্রতিষ্ঠাতা, পরিচালক ও শিক্ষিকা	বিএসএস (সম্মান)	
০৪	মাসুমা খাতুন	প্রতিষ্ঠাতা ও পরিচালক		

শিক্ষক/উস্তাদ/খাদেমে এর তথ্য বিবরণী

ক্র.নং:	নাম	পদবি	শিক্ষাগত যোগ্যতা	
১	মুফতি উবায়দুল্লাহ সায়েম	মুহতামিম	হাফেজ, ক্বারী, মাওলানা, মুফতি	
আরবি বিভাগ				
০১	মাও. তানজিনা মোস্তারিন তামান্না	সিনিয়র শিক্ষিকা ও বিভাগীয় প্রধান আরবি বিভাগ	দাওরা (স্নাতকোত্তর)	
০২	হাফেজা আবিদা মেহরিন তাহিয়া	উস্তাদ, হিফজুল কুরআন বিভাগ	হাফেজা	
০৩	হাফেজা লুৎফুন্নাহার	উস্তাদ, হিফজুল কুরআন বিভাগ	হাফেজা	
০৪	হাফেজা আমেনা খাতুন	উস্তাদ, নাজেরা বিভাগ	হাফেজা	
জেনারেল বিভাগ				
০১	ফাহিমা আক্তার	সিনিয়র শিক্ষিকা ও বিভাগীয় প্রধান জেনারেল বিভাগ	এমএসএস	
০২	সুফিয়া খাতুন	সহকারী শিক্ষিকা	এমএসসি	
০৩	ইয়াছমিন আক্তার তন্নী	সহকারী শিক্ষিকা	এইসএসসি	
০৪	জান্নাতুন নাঈমা	সহকারী শিক্ষিকা	এইসএসসি	
স্টাফ				
০১	মুস্তাফা আক্তার	গার্লস গাইড/ খাদেমা/শেফ-১	এস এস সি	
০২	জাহাঙ্গীর আলম	খাদেম (অফিস)	এস এস সি	

স্কলারশিপের যোগ্যতা নির্ণয়ের মূল ভিত্তি (Principles):

৯টি নীতি (9 Principles) এর উপর ভিত্তি করে বর্ষসেরা শিক্ষার্থী (Student of the year-2025) এবং শ্রেণিতে সেরা শিক্ষার্থী (Best Student of the Class-2025) নির্বাচন করা হবে। বিস্তারিত নিম্নে উল্লেখ করা হলো:

১. শিক্ষাগত যোগ্যতা (Academic Performance)

- মূল্যায়ন ফলাফল, ক্লাস পারফরম্যান্স, হোমওয়ার্ক, ক্লাস ওয়ার্ক ইত্যাদিতে কৃতিত্ব (মূল্যায়ন ফলাফল: হিফজ বিভাগে শুধুমাত্র আরবি বিষয়ে প্রাপ্ত নম্বর গণনা করা হবে)
- ধারাবাহিক ভালো ফলাফল (Consistent Performance)
- ওসাইলুল ইলম (কুরআন শরীফ, রিহাল, টেবিল, চেয়ার, বেঞ্চ ম্যাট, জায়নামাজ ইত্যাদি আসবাব নষ্ট না করে যত্নবান হওয়া) এর প্রতি সচেতনতা ও রক্ষণাবেক্ষণ

২. দ্বীনি শিক্ষা ও আমল (Islamic Knowledge & Practice)

- অর্জিত শিক্ষাকে আমলে পরিণত
- নামাজে নিয়মিত অংশগ্রহণ এবং আদব, আখলাক ও ইসলামী মূল্যবোধ
- সুন্নাহ অনুযায়ী জীবনযাপন ও আচরণ

৩. আচরণ ও নৈতিকতা (Character & Manners)

- সর্বাবস্থায় বড়দের প্রতি সম্মান, ছোটদের প্রতি স্নেহ প্রদর্শন এবং সহপাঠীদের সাথে ভদ্রতা ও বন্ধুত্বমূলক আচরণ
- সকল অবস্থায় ধৈর্য, দয়া, বিনয়, নম্রতা ও সদাচার প্রদর্শন
- মিথ্যা/গীবত/পরনিন্দা/পরচর্চা/রাগড়া-বিবাদ হতে বিরত

৪. উস্তাদের প্রতি দায়িত্ব ও কর্তব্য

(Responsibilities and duties to Teachers)

- শিক্ষক/উস্তাদের সাথে উত্তম আচরণ, সহযোগিতা, আদেশ, নিষেধ যথাযথ মান্য করা
- শিক্ষক/উস্তাদের সম্পর্কে গীবত, মিথ্যা, অপবাদ, নিন্দা, কুরুচিপূর্ণ কথা বলা, মিথ্যা অভিযোগ থেকে বিরত থাকা এবং অন্যদেরকে বিরত রাখা
- শিক্ষক/উস্তাদের যথাসাধ্য খেদমত করার মানসিকতা পোষণ করা এবং প্রয়োজনে খেদমত করা

৫. উপস্থিতি ও নিয়মানুবর্তিতা (Attendance & Punctuality)

- ক্লাস, নামাজ, খাবারের সময়, মাসিক এসলাহী মজলিস, ক্লাস মজলিস, আখলাকের ক্লাসসহ অন্যান্য আনুষ্ঠানিকতায় উপস্থিত থাকা
- মাদরাসায় সময়মতো আসা এবং নির্ধারিত নিয়ম মেনে চলা
- নির্দিষ্ট সময়ে ক্লাস ওয়ার্ক/সবক প্রদান করা/শেষ করা

৬. খেদমত ও দায়িত্বশীলতা (Service & Responsibility)

- মাদ্রাসার স্বেচ্ছাসেবা কার্যক্রমে অংশগ্রহণ করা ও অন্যদের উৎসাহিত করা
- কথা ও কাজে বিশ্বস্ততার সাথে নিয়মশৃঙ্খলা বজায় রাখা ও অন্যদের অনুপ্রাণিত করা
- দায়িত্ব পালনে নিজেদের যোগ্য করে গড়ে তোলা এবং সেবামূলক কাজে অংশগ্রহণ

৭. মনোভাব ও মনোযোগ (Attitude & Diligence)

- শেখার ও অধ্যবসায়ের আগ্রহ
- প্রতিকূল অবস্থায়ও মনোবল বজায় রাখা
- ক্লাসে/পাঠে/দরসে মনোযোগ

৮. পরিপাটি, শালীন ও বিনয়ী থাকা (Modesty & Cleanliness)

- ইসলামি আদর্শে পর্দা পরিধানে যত্নবান হওয়া
- পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং সামগ্রিকভাবে ইসলামি সৌন্দর্যচর্চা
- অন্যদের পরিপাটি থাকতে সহযোগিতা করা

৯. সামাজিক ও সহ-পাঠ কার্যক্রম (Social and co-curricular activities)

- বক্তৃতা, আবৃত্তি, ইসলামিক কুইজ বা প্রতিযোগিতায় অংশগ্রহণ
- কমিউনিটির কাজে অংশগ্রহণ
- বাসা-বাড়িতে পিতামাতা/বয়স্কদের সহযোগিতা করা

১ম শ্রেণির পাঠ্যপুস্তক:

- ১) কুরআনুল কারীম (তিলাওয়াত)
- ২) ফিরহুননিসা
- ৩) এসো আরবি শিখি
- ৪) এসো উর্দু শিখি
- ৫) তামরিন
- ৬) সিরাতে রাসুল (সা.)
- ৭) হাদিস
- ৮) বাংলা
- ৯) ইংরেজি
- ১০) গণিত
- ১১) বিজ্ঞান
- ১২) ভূগোল
- ১৩) এক্সট্রা কারিকুলার এ্যাকটিভিটিস

ক্লাস টাইম: সকাল ৮:০০-১:২০ পর্যন্ত সপ্তাহে ৬দিন